

# সমকাল

## ডুয়েটের সমাবর্তন 'অন্যায় ও দুর্নীতির সঙ্গে কখনও আপস নয়'

১০ ঘণ্টা আগে

### গাজীপুর প্রতিনিধি

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ডুয়েট) দ্বিতীয় সমাবর্তনে শিক্ষার্থীদের অন্যায় ও দুর্নীতির সঙ্গে কখনও আপস না করার আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। গতকাল মঙ্গলবার এ অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

লিখিত বক্তব্য পাঠ শুরু আগের নির্ধারিত সময়ের এক ঘণ্টা পরে অনুষ্ঠানস্থলে উপস্থিত হওয়ার জন্য রাষ্ট্রপতি প্রথমেই দুঃখ প্রকাশ করেন। তিনি বলেন, জানি এক ঘণ্টা এই গাউন পরে বসে থাকা কতটা কষ্টের। এ অনুষ্ঠানে আসতে চেয়েছিলাম না। প্রয়াত রাষ্ট্রপতি জিহ্মুর রহমান ২০১০ সালে প্রথম সমাবর্তন অনুষ্ঠানে আসার তিন বছর পর মারা গেছেন। এ কারণে আমার ভেতরে একটা ভয় কাজ করছিল। মূলত এ ভয়ে শিক্ষামন্ত্রীকে দিয়ে সমাবর্তন করাতে চেয়েছিলাম। নানা টালবাহানা করেছি।

আবদুল হামিদ বলেন, আমি খুব খুশি হয়েছি যে, ডুয়েটের স্বর্ণপদকপ্রাপ্ত ৩৫ শিক্ষার্থীই ছেলে। কোনো মেয়ে নেই। অন্যান্য বিশ্ববিদ্যালয়ে এ স্বর্ণপদক পায় শুধু মেয়েরা। এ সময় পুরো অনুষ্ঠানস্থলে হাসির রোল পড়ে যায়। তিনি বলেন, আমি কিন্তু নারীবাদেবী নই। লিখিত বক্তব্যে ডুয়েট আচার্য আবদুল হামিদ বলেন, আমাদের রয়েছে বিপুল মানবসম্পদ, উর্বর কৃষি ভূমি এবং সম্ভাবনাময় প্রাকৃতিক সম্পদ। জনবহুল এ দেশকে সমৃদ্ধিশালী করতে হলে প্রয়োজন পরিকল্পিত উপায়ে বিদ্যমান সম্পদের সর্বোত্তম ব্যবহার।

বিশ্ববিদ্যালয় হচ্ছে জাতি গঠনের শ্রেষ্ঠ প্রতিষ্ঠান, যেখানে মেধা বিকাশের সব পথ উন্মুক্ত থাকে। কেবল পুঁথিগত বিদ্যা নয়, বরং দেশ-বিদেশের সর্বশেষ তথ্যসমৃদ্ধ শিক্ষা, গবেষণা এবং সৃজনশীল কর্মকাণ্ডে যাতে শিক্ষার্থীরা সম্পৃক্ত হতে পারে, তার দ্বার উন্মোচন করবে বিশ্ববিদ্যালয়।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ আলাউদ্দিন। অনুষ্ঠানে সমাবর্তন বক্তা ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান।

এ সময় উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, গাজীপুর-২ আসনের সংসদ সদস্য মো. জাহিদ আহসান রাসেল, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সদস্যবৃন্দ, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার, সচিব, বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রধান, সামরিক-বেসামরিক উচ্চপদস্থ কর্মকর্তা, বিশিষ্ট রাজনীতিবিদ, বিশ্ববিদ্যালয়ের ডিন, শিক্ষক-কর্মকর্তা প্রমুখ।

এবারের সমাবর্তনে মোট ৩ হাজার ২৮৪ জনকে ডিগ্রি দেওয়া হয়েছে, যার মধ্যে পোস্ট গ্রাজুয়েট প্রোগ্রামে আছে ১১১ জন। এর মধ্যে পুরকৌশল বিভাগের একজনকে পিএইচডি ডিগ্রি দেওয়া হয়।

© সমকাল 2005 - 2017

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬, বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com